| ক্রঃ নং | মার্কেটের নাম | দোকান নম্বর | প্রতি দোকানের পরিমাপ | দোকানের আয়তন (বর্গফুট) | ধার্যকৃত সেলামীর পরিমান | মাসিক ভাড়ার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৭ | পৌর সিটি সেন্টার | দোকান নং-৪২ | ১৩'-৪"X৯'-৮" | ১২৮.৭৬ | ৯,০১,৩২০/- | ১,৪১৬/- | |
| ৩৮ | পৌর সিটি সেন্টার | দোকান নং-৪৩ | ১৬'-১"X১৩'-৪" | ২১৪.৩৪ | ১৫,০০,৩৮০/- | ২,৩৫৮/- | |

## শর্তাবলী

০১। প্রত্যেক আবেদনকারীকে ১,০০০/-(এক হাজার) টাকা মূল্যের নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনে পূর্ণ ঠিকানাসহ পাসপোর্ট সাইজের ০২(দুই)কপি ছবি ও জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে।

০২। আবেদনকারীর দাখিলকৃত আবেদনপত্রের সাথে সেলামী হিসাবে নির্ধারিত দরের ৫০% টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাংলাদেশের তফশীল ভুক্ত যে কোন ব্যাংক হতে মেয়র, রাজবাড়ী পৌরসভা বরাবর দাখিল করতে হবে। অবশিষ্ট ৫০% অর্থ প্রাথমিক বরাদ্দপত্র প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাংলাদেশের তফশীল ভুক্ত যে কোন ব্যাংক হতে মেয়র, রাজবাড়ী পৌরসভা বরাবর দাখিল করতে হবে। ব্যর্থতায় বিধি মোতাবেক দরপত্রের সাথে জমাকৃত সেলামীর টাকা বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৩। ১৫% (শতকরা পনের ভাগ) দোকান মেয়র কর্তৃক বরাদ্দের জন্য সংরক্ষিত থাকবে (জাতীয় পর্যায়ে অবদান আছে এমন ব্যক্তিদের জন্য প্রযোজ্য)।

০৪। প্রতিটি দোকানের জন্য পৃথক পৃথক সিডিউল ক্রয় করে ফর্মের নির্ধারিত স্থানে দোকান/স্পেসের সংযুক্ত নকশা মোতাবেক দোকান নম্বর অনুযায়ী প্রস্তাবিত সেলামীর পরিমান অংকে ও কথায় পরিষ্কার ও স্পষ্টভাবে লিখতে হবে। তাছাড়া প্রত্যেকটি খামের উপরে তলা ও দোকান নম্বর অবশ্যই লিখতে হবে।

০৫। সর্বোচ্চ সেলামীর ভিত্তিতে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে। তবে আবেদনকারীর সংখ্যা বরাদ্দযোগ্য দোকান সংখ্যা অধিক হলে বা একই দোকানের জন্য একই দর উল্লেখ করলে লটারির মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে। লটারী অনুষ্ঠানের স্থানে আবেদনকারী নিজে অথবা তার প্রতিনিধি থাকতে পারবেন এবং লটারী অনুষ্ঠানের তারিখ,সময় ও স্থান যথাসময়ে আবেদনকারীকে জানিয়ে দেয়া হবে।

০৬। দোকান কক্ষের কাঠামোগত কোন মৌলিক পরিবর্তন/পরিবর্ধন করা যাবেনা। পরিবর্ধন/ পরিবর্তন করতে হলে পৌর কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

০৭। বরাদ্দ প্রাপক নিজ ব্যয়ে দোকান কক্ষের জন্য বৈদ্যুতিক লাইন সংযোজনসহ দোকানের মধ্যে যাবতীয় ফিটিংয়ের কাজ করবেন। এছাড়া দোকান কক্ষের ব্যবহৃত বিদ্যুৎ সংযোগসহ পানি, টেলিফোন বা অনুরূপ কোন সার্ভিস ব্যবহৃত হলে তা বরাদ্দ প্রাপক ব্যক্তিগতভাবে নির্বাহ করবেন।

০৮। পৌরসভা/ রাষ্ট্রীয় স্বার্থে কোনো কারণে কোনো দোকানের দখল বরাদ্দ প্রাপককে বুঝিয়ে দিতে ব্যর্থ হলে বা দখল বুঝিয়ে দেয়ার পর জনস্বার্থে উহার দখল ফেরৎ নেয়ার প্রয়োজন হলে উক্ত দোকান বাবদ গৃহীত সেলামীর টাকা হতে পৌরসভার সকল পাওনা কর্তন সাপেক্ষে ফেরৎ প্রদান করা হবে।

০৯। যদি কোন আবেদনকারী বরাদ্দপত্র প্রদানের পূর্বে অথবা পরে বরাদ্দ গ্রহণে অসম্মতি প্রকাশ করে জমাকৃত টাকা ফেরৎ নেয়ার আবেদন করেন, সেক্ষেত্রে প্রদেয় সেলামীর ১০% সার্ভিস চার্জ বাবদ কর্তন সাপেক্ষে ফেরৎ প্রদান করা হবে।

১০। বরাদ্দ প্রাপককে দোকানের দখল বুঝে নেয়ার ১৮০(একশত আশি) দিনের মধ্যে অবশ্যই ব্যবসা শুরু করতে হবে। অন্যথায় দোকানটির বরাদ্দ উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার সঙ্গে সঙ্গে বাতিল হয়েছে বলে গন্য হবে এবং জমাকৃত সেলামীর ৫০% টাকা পৌরসভার অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং অবশিষ্ট ৫০% টাকা হতে অন্যান্য পাওনা কর্তন করে,যদি থাকে, পৌরসভা বাকী টাকা ৩০(ত্রিশ) দিনের মধ্যে বরাদ্দ প্রাপককে ফেরত প্রদান করবেন। তবে শর্ত থাকে যে, পৌরসভা বরাদ্দ প্রাপকের আবেদনক্রমে সংশ্লিষ্ট পরিস্থিতি বিবেচনাপূর্বক উক্তরূপ ব্যবসা শুরু করার সময়সীমা অনধিক ৬০(ষাট)দিন পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

১১। ১ম পক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে ২য় পক্ষ বরাদ্দকৃত দোকানটি কারো নিকট হস্তান্তর করতে পারবেন না। তবে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হস্তান্তর ফি বাবদ ৬০(ষাট) মাসের ভাড়ার সমপরিমান টাকা (অফেরৎ যোগ্য) পৌরসভায় জমা দিলে নাম জারীর বিষয়টি বিবেচনা করা হবে। হস্তান্তর ফি (অফেরৎ যোগ্য) ১ম পক্ষ পৌর পরিষদ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী দোকানের ভাড়া বাড়ানো হলে ২য় পক্ষ মেনে নিতে বাধ্য থাকবেন।

১২। কোন ব্যক্তিকে বা তার পরিবারের সদস্যকে একাধিক দোকান বরাদ্দ দেয়া যাবে না।

১৩। দোকান বরাদ্দ/ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা ২০০৩ মোতাবেক পরিচালিত হবে এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল বিধি-বিধান অনুসরন করে ব্যবসা পরিচালিত হবে।

১৪। পৌর কমিউনিটি সেন্টারের ভাড়া এবং আন্ডারগ্রাউন্ড গাড়ী পার্কিং এর টৌল রেইট গাড়ীর প্রকারভেদ অনুযায়ী পৌরসভা কর্তৃক নির্ধারন করা হবে। কোন ক্রমেই নির্ধারিত রেইটের বেশি টাকা আদায় করা যাবে না।

১৫। পৌরসভা বরাদ্দকৃত দোকানের ভাড়া প্রতি ০৩ বছর অন্তর অন্তর বৃদ্ধি বা পুনঃনির্ধারন করা যাবে। তবে এরূপ ভাড়া বৃদ্ধি বা পুনঃনির্ধারনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকায় অনুরূপ দোকানের প্রচলিত ভাড়ার পরিমান বিবেচনা করা হবে।

১৬। পৌর কর্তৃপক্ষ রাষ্ট্রীয় বা পৌরসভার প্রয়োজনে জনস্বার্থে যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত কক্ষের বরাদ্দ যে কোন সময় বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বা সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৮। বিস্তারিত জানার জন্য অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। যোগাযোগঃ ০১৭১৬-৮০২৫০০।

০১/০৪/২৪

(মোঃ আলমগীর শেখ তিতু)
আহ্বায়ক
দোকান বরাদ্দ কমিটি ও
মেয়র
রাজবাড়ী পৌরসভা।

স্মারক নং-রাঃপৌঃ প্রশাঃ/বাঃ/ ০২/২০২৩-২০২৪/ ১৬৭

তারিখঃ ০১/০৪/২০২৪ খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য -**

০১। সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০১/০৪/২৪

(মোঃ আলমগীর শেখ তিতু)
আহ্বায়ক
দোকান বরাদ্দ কমিটি ও
মেয়র
রাজবাড়ী পৌরসভা।

স্মারক নং-রাঃপৌঃ প্রশাঃ/বাঃ/ ০২/২০২৩-২০২৪/ ১৬৭/১ (২৩)

তারিখঃ ০১/০৪/২০২৪ খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য প্রেরিত হলো -**

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০২। পুলিশ সুপার, রাজবাড়ী।
০৩। সিভিল সার্জন, রাজবাড়ী।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী।
০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পাউবো/সওজ, রাজবাড়ী।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী।
০৭। জনাব .............................................................কাউন্সিলর (সকল), রাজবাড়ী পৌরসভা।
৮-১৯। পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী।
২০। নির্বাহী প্রকৌশলী, রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী।
২১। হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা।
২২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর ও বাংলাদেশের খবর, ঢাকা এবং সম্পাদক দৈনিক মাতৃকণ্ঠ, রাজবাড়ী তাকে শুধুমাত্র বিজ্ঞপ্তির অংশটুকু ভিতরের পৃষ্ঠায় একদিন এক বার স্বল্প আকারে আগামী ০৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে ছাপানোর জন্য অনুরোধ করা হলো।
২৩। মিতালী মাইক সার্ভিস, রাজবাড়ীকে উপরোক্ত বিজ্ঞপ্তি আগামী ১৫/০৪/২০২৪ খ্রিঃ তারিখ ও ১৬/০৪/২০২৪ খ্রিঃ তারিখ মোট ০২(দুই) দিন দৈনিক ৮(আট) ঘন্টা করে সমগ্র পৌর এলাকায় এবং হাট-বাজার এলাকার মধ্যে মাইক, রিক্সা ও প্রচারকারী দ্বারা প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

০১/০৪/২৪

(মোঃ আলমগীর শেখ তিতু)
আহ্বায়ক
দোকান বরাদ্দ কমিটি ও
মেয়র
রাজবাড়ী পৌরসভা।

০১/০৪/২৪